অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের এক্সপ্যানশন ঘোষণা করলেন

স্টেটের বিনিয়োগ সেন্টারের আকার তিনগুণ করবে এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলিকে তদন্তের সমর্থন দেওয়া প্রফেশনালদের সংখ্যা দ্বিগুণ করবে

সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টার হলো স্টেটের জাতীয়ভাবে স্বীকৃত, অনন্য ধরণের ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের নেটওয়ার্কের 11টি সেন্টারের মধ্যে একটি

লং আইল্যান্ডে গত বছর 44টি ইনজুরিসহ গুলির ঘটনা রিপোর্ট করা হয়েছে যা রেকর্ডে থাকা সবথেকে কম গুলির ঘটনার রেকর্ড

আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির টেকনোলজিক্যাল এবং কোঅর্ডিনেশনের ক্ষমতা বাড়ানোর মাধ্যমে গভর্নর যে অপরাধ মোকাবেলায় রেকর্ড বিনিয়োগ করেছেন তার ধারাবাহিকতায় হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে সাফোক (Suffolk) ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের (Crime Analysis Center, CAC) এক্সপ্যানশন ঘোষণা করেছেন, এটি হলো জাতীয়ভাবে স্বীকৃত, অনন্য ধরণের নেটওয়ার্কের 11টির মধ্যে একটি যার জন্য পুরো স্টেটের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির সাথে পার্টনারশিপে স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) তহবিল ও সমর্থন দিয়ে থাকে। সেন্টারের আকার তিনগুণ করার জন্য এবং সহায়তার জন্য অনুরোধে সাড়াদান করা এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলিকে অপরাধের সমাধান, প্রতিরোধ এবং কমাতে সাহায্য করার জন্য তদন্তের সমর্থন দেওয়া প্রফেশনালদের সংখ্যা দ্বিগুণ করতে নিউ ইয়র্ক স্টেট (New York State) প্রায় 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। প্রাথমিক ডেটাতে দেখা গেছে গত বছর সাফোক কাউন্টি, নাসাউ (Nassau) কাউন্টি, এবং হেম্পস্টেডের (Hempstead) পুলিশ ডিপার্টমেন্টগুলি 44টি ইনজুরিসহ গুলির ঘটনা রিপোর্ট করেছে, যা 2006 সালে যখন এই তিনটি ডিপার্টমেন্ট স্টেটের কাছে এই ডেটা রিপোর্ট করা শুরু করে তখন থেকে শুরু করে সবথেকে কম রেকর্ড। অন্যদিকে, সবথেকে সাম্প্রতিক যে ডেটা আছে অর্থাৎ 2024 সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত প্রাথমিক ডেটাতে দেখা যায় যে 2023 সালের একই নয় মাস সময়কালের তুলনায় লং আইল্যান্ডে (Long Island) রিপোর্ট করা অপরাধ 7 শতাংশ কমেছে।

"জননিরাপত্তা আমার এক নম্বর অগ্রাধিকার - এবং এই এক্সপ্যানশনটির কারণে আইন শৃঙ্খলা রক্ষাকারীর জন্য ইন্টেলিজেন্স, অ্যানালাইসিস এবং সমর্থন শেয়ার করা সম্ভব করে যাতে তারা হটস্পট এবং অপরাধের প্যাটার্নগুলি সনাক্ত করতে পারে যা তাদেরকে আরো স্মার্টভাবে কাজ করতে সাহায্য করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এইসব সেন্টারের সম্ভব করা ইন্টেলিজেন্স শেয়ার করা এবং কোঅর্ডিনেশনের কারণে পুরো স্টেটের আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি রিসোর্স এমন জায়গায় ব্যবহার করতে পারবে যেখানে প্রয়োজন সবথেকে বেশি, যা নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার আমাদের ক্ষমতা সর্বোচ্চ করবে।"

ইয়াফাঙ্কে (Yaphank) সাফোক কাউন্টি পুলিশ ডিপার্টমেন্টের (Suffolk County Police Department) হেডকোয়ার্টার অবস্থিত সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের মূল আকারের তুলনায় তিনগুণের বেশি: 2019 সালে প্রথম স্থাপিত হওয়ার সময়ে যা 1,700 বর্গফুট ছিলো তার তুলনায় 5,000 বর্গফুট হয়েছে। সেন্টারটিতে এখন 45 জনের বসার ব্যবস্থা আছে, যা আছে ছিলো 16, এবং এখানে অত্যাধুনিক, 24 ফুট প্রশস্ত, 4.5 ফুটে উঁচু ভিডিও ওয়াল আছে। সেন্টারটির স্টাফ হলো ক্রাইম অ্যানালিস্ট এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মী আছে, যার তহবিল দিচ্ছে স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস; সাফোক কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট; কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস, শেরিফের অফিস, প্রোবেশন ডিপার্টমেন্ট (Probation Department), এবং চাইল্ড প্রোটেক্টিভ সার্ভিসেস (Child Protective Services); নাসাউ কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট (Nassau County Police Department); নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department); মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) পুলিশ ডিপার্টমেন্ট, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police); নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ড (New York Air National Guard); স্টেটের ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision); এবং New York/New Jersey High Intensity Drug Trafficking Area প্রোগ্রাম।

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "আইন শৃঙ্খলা রক্ষাকারীদের তদন্তের সমর্থনে ক্রাইম অ্যানালিস্টরা একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের ক্রাইম অ্যানালাইসিস সেন্টারগুলিতে এই প্রফেশনালরা স্থানীয়, স্টেট এবং ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে কাজ করে যারা নিজেদের জ্ঞান এবং দক্ষতা ব্যবহার করে এবং টেকনোলজিকে কাজে লাগিয়ে তথ্য ও ডেটা অ্যাক্সেস করে যার ফলে অপরাধ সমাধান ও ঠেকানোর জন্য আরো টার্গেটেড, কৌশলী পন্থা পাওয়া যায়। আমি এইসব নিবেদিত সরকারি চাকরিজীবীদের কাজের প্রশংসা করছি, সাফোক কাউন্টি এবং পুরো স্টেটে আমাদের পার্টনারদের ধারাবাহিক সহযোগিতা এবং সমর্থনের জন্য তাদের প্রশংসা করছি, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য এই অতি প্রয়োজনীয় কাজ ও প্রতিশ্রুতিতে গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট Steven G. James (স্টিভেন জি জেমস) বলেন, "তার ধারাবাহিক সমর্থনের জন্য এবং আমাদের এলাকা ও কমিউনিটিগুলিকে প্রতিদিন প্রভাবিত করে এমন অপরাধের সমাধান ও তা নিয়ে কাজ করার ব্যাপারে ক্রাইম অ্যানালাইসিস

যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা বুঝতে পারার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের মতো রিসোর্স হলো আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদের সাথে অতি গুরুত্বপূর্ণ ডেটা সংগ্রহ এবং শেয়ার করার জন্য অতি গুরুত্বপূর্ণ, যাতে করে একসাতে আমরা আরো দ্রুত অপরাধের সমাধান করতে পারি এবং ভবিষ্যতের ঘটনা প্রতিরোধ করতে পারি।"

সাফোক কাউন্টি, নাসাউ কাউন্টি, এবং হেম্পস্টেড পুলিশ ডিপার্টমেন্টগুলি 21টি কাউন্টির 28টি পুলিশ ডিপার্টমেন্ট ও অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিদের মধ্যে আছে যারা গুলির ঘটনা কমাতে ও জীবন বাঁচাতে স্টেটের Gun Involved Violence Elimination (GIVE) উদ্যোগ থেকে প্রায় 36 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। GIVE এজেন্সিগুলিকে স্টেটের কাজে যেসব গুলির ঘটনা সম্পর্কিত মেট্রিক্স রিপোর্ট করতে হয় তাতে লং আইল্যান্ডের এই তিনটি এজেন্সি একত্রে দুই অংকের কমে যাওয়া রিপোর্ট করেছে। গত বছরকে 2023-এর সাথে তুলনা করলে:

- ইনজুরিসহ গুলির ঘটনা 39 শতাংশ কমেছে (44 বনাম 72)।
- গুলির ঘটনায় আহত হওয়া ব্যক্তির সংখ্যা 35 শতাংশ কমেছে (59 বনাম 91)।
- গান ভায়োলেন্সে ছয়জন কম মানুষ মারা গেছে, যা 38 শতাংশ কম (10 বনাম 16)।

লং আইল্যান্ডে পুলিশ এজেন্সিগুলির রিপোর্ট করা প্রাথমিক ইনডেক্স অপরাধ 2023 সালের তুলনায় 2024 সালে জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত 7 শতাংশ কমতে দেখা গেছে। হিংস্র অপরাধ (খুন, ধর্ষণ, ডাকাতি, আক্রোশের আক্রমণ) 4 শতাংশ কমেছে এবং সম্পত্তির অপরাধ (চুরি, লার্সেনি, গাড়ি চুরি) 7 শতাংশ কমেছে।

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ক (Crime Analysis Center Network) (18 মিলিয়ন), GIVE (36 মিলিয়ন), SNUG Street Outreach প্রোগ্রাম (21 মিলিয়ন), এবং প্রোজেক্ট RISE (20 মিলিয়ন) - এর জন্য DCJS রেকর্ড লেভেলের তহবিল পেয়েছে, এই চারটি মুখ্য উদ্যোগ গান ভায়োলেন্স এবং অন্যান্য অপরাধের কারণ এবং পরিণতি নিয়ে কাজ করা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং কমিউনিটি পার্টনারদের তহবিল ও সমর্থন দিয়ে থাকে।

তার ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর এক্সিকিউটিভ বাজেটে গভর্নর Hochul (হোকল) এইসব বিনিয়োগ বহাল রেখেছেন এবং নিউ ইয়র্ক স্টেট ক্রাইম অ্যানালাইসিস অ্যান্ড জয়েন্ট স্পেশাল অপারেশন্স কমান্ড হেডকোয়ার্টার্স (New York State Crime Analysis and Joint Special Operations Command Headquarters) স্থাপন করার জন্য আরো 13 মিলিয়ন মার্কিন ডলার যোগ করেছেন। কমান্ড হেডকোয়ার্টার্স হবে 11টি সেন্টারের জন্য একটি কৌশলী তথ্য, টেকনিক্যাল সাহায্য এবং ট্রেনিংয়ের কেন্দ্র এবং স্টেট পুলিশের পরিচালিত নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টার (New York State Intelligence), স্থানীয়ভাবে পরিচালিত নাসাউ কাউন্টি লিড ডেভেলপমেন্ট সেন্টার (Nassau County Lead Development Center), সাইবার হুমকি থেকে স্টেটকে রক্ষা করার ব্যাপারে মনোযোগী স্টেটের জয়েন্ট সিকিউরিটি অপারেশন্স

সেন্টারের (Joint Security Operations Center) সাথে থাকা পার্টনারশিপ এবং তাদের সাথে শেয়ার করা তথ্য বাড়াবে।

শুধু গত বছরেই, সাফোক সেন্টারের স্টাফরা সার্ভিসের জন্য 30,010 অনুরোধ পেয়েছে, যা নেটওয়ার্কটির পাওয়া মোট 130,928টি অনুরোধের প্রায় চার ভাগের একভাগ, এবং তারা হিট এবং রান ক্র্যাশ থেকে শুরু করে খুন পর্যন্ত অনেক ধরণের কেস নিয়ে 70টি আলাদা আলাদা আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিকে সাহায্য করেছে। একটি এক্সিকিউটিভ বোর্ড অফ ডিরেক্টর সেন্টারটির তত্ত্বাবধান করে, যা DCJS, সাফোক কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট, সাফোক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস, সাফোক কাউন্টির শেরিফের অফিস এবং শেল্টার আইল্যান্ড পুলিশ ডিপার্টমেন্টের (Shelter Island Police Department) অফিসিয়ালদের নিয়ে গঠিত হয়েছে, যা Suffolk County Chiefs of Police Association-এর প্রতিনিধিত্ব করে।

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ Ed Romaine (এড রোমেইন) বলেন, "সাফোক কাউন্টির এক নম্বর অগ্রাধিকার হলো আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখা। স্টেটের সবথেকে বড় ইন্টেলিজেন্স সেন্টারের এক হোস্ট হিসেবে আমরা আধুনিক টেকনোলজির বাস্তবায়ন এবং কার্যকরভাবে অপরাধ তদন্ত ও ঠেকানোর জন্য আমাদের স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির জন্য প্রয়োজনীয় রিসোর্স বরাদ্দ করার মাধ্যমে জননিরাপত্তার প্রতি আমাদের অঙ্গীকারকে আরো অগ্রসর করছি।"

সাফোক কাউন্টির ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার Robert Waring (রবার্ট ওয়ারিং) বলেন, "ক্রাইম অ্যানালাইসিস সেন্টার হলো একটি দারুণ রিসোর্স যা আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির প্রতিনিধিদের একটি অবস্থানে একত্রিত করে, যার ফলে সহজ যোগাযোগ এবং শেয়ার্ড রিসোর্স সম্ভব হয়। এই সেন্টারে টেকনোলজি এবং সেই সাথে ট্রেন্ড ও প্যাটার্ন সনাক্ত করার জন্য অ্যানালিস্ট রাখার মাধ্যমে আমরা অপরাধ সমাধান ও ঠেকানোর আমাদের মিশনকে আরো অগ্রসর করছি।"

সাফোক কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Raymond A. Tierney (রেমন্ড এ টিয়ারনি) বলেন, "সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের এক্সপ্যানশন হলো আমাদের সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদের মধ্যে স্বচ্ছতা এবং সহযোগিতার জন্য একটি দারুণ ধাপ। আইন শৃঙ্খলা রক্ষার নারী ও পুরুষদের জন্য এবং সাফোক কাউন্টির নাগরিকদের জন্য প্রতিদিন নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করা মানুষদের জন্য CAC একটি অতি প্রয়োজনীয় সাপোর্ট সিস্টেম। একই ঘরে একাধিক অর্গানাইজেশনের প্রতিনিধি থেকে রিয়েল টাইমে ইন্টেলিজেন্স শেয়ার করলে তা কার্যকর পুলিশের কাজের জন্য মুখ্য একটি বিষয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির মধ্যে যোগাযোগ, সহযোগিতা এবং তথ্যের খোলা প্রবাহের কোনো বিকল্প নেই।এটি সাফল্যের চাবিকাঠি।"

সাফোক কাউন্টির শেরিফ Errol D. Toulon Jr. (এরোল ডি টোলসন জুনিয়র) বলেন, "সাফোক ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের এক্সপ্যানশন হলো জননিরাপত্তার একটি কৌশলী বিনিয়োগ এবং এটি আইন শৃঙ্খলা রক্ষাকারী অপারেশনের কার্যকারিতা আরো উন্নত করবে। স্টাফের সংখ্যা বাড়িয়ে এবং সেন্টারের অংশগ্রহণ বাড়ানোর মাধ্যমে সাফোক কাউন্টির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি ইন্টেলিজেন্সের কোঅর্ডিনেশন করতে, তদন্ত সরল করতে, এবং

আরো অপরাধীর বিচার করতে আরো ভালোভাবে সক্ষম হবে। আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখার জন্য সাফোক কাউন্টি যাতে নতুন আবিষ্কারের ক্ষেত্রে সবার আগেই থাকতে পারে তা নিশ্চিত করতে গভর্নর Hochul (হোকল) এবং আমাদের নিউ ইয়র্ক স্টেটের পার্টনারদের সমর্থনের জন্য তাদেরকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন